

বিজ্ঞপ্তি

নং-২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১১- ৪২৬

তারিখঃ ২১-১১-১৪২১ বঙ্গাব্দ
২৬-০২-২০১৫খ্রিঃ

বিষয়ঃ- ২০১৫ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.১০৪.০৩৯.০০.০১.১ম.২০১৫/১৮ তারিখ ১২/০২/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ২০১৫খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৫ সালের জুন মাসে অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন হতে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাগণকে Online-এ আবেদনপত্র দাখিলের পর পূর্বের ন্যায় দাখিলকৃত আবেদনপত্রে যাবতীয় তথ্যসম্মিলিত শুধুমাত্র প্রিন্টেড কপি (hard copy) মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছাতে হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) প্রকাশিত বিজ্ঞপ্তি ডাইনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়ে এবং প্রদত্ত তথ্য ও নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করবে। উক্ত ওয়েব সাইটে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন Form পূরণ ও Online কার্যক্রম ২৬/০২/২০১৫ তারিখ দুপুর ১২:০০টা হতে শুরু হবে এবং ২৯/০৩/২০১৫খ্রিঃ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৫ এ অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের সহকারী প্রকৌশলী (সিভিল) ও (ই/এম) কর্মকর্তাগণকে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) আগামী ২৯/০৩/২০১৫খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে উল্লিখিত তারিখের পূর্বেই Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে যথাসময়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছানোর কাজে সহযোগিতা করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেয়া হলো। আবেদন ফরমে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর থাকবে এবং দুই ফর্দে প্রেরণ করতে হবে।

(সারওয়ার আহমদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ- ৯৫৬০৯৯৯

e-mail: se_est@pwd.gov.bd

তারিখঃ ২১-১১-১৪২১ বঙ্গাব্দ

২৬-০২-২০১৫খ্রিঃ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১১- ৪২৬ (২০০)

সংশ্লিষ্ট সকলকে অবহিত করণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ০৪। জনাবসহকারী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ)

Gabrina

(হাসনাত সাবরিনা)

নির্বাহী প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ- ৯৫৬০৬৬৮

e-mail: ee_est@pwd.gov.bd